**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**19 AUGUST 2024** **7:35 AM IST**

==========================================================================

সরকার রাজ্যে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ২০২২ সালের ১৩২ থেকে ২০২৬ সালে ২৫০ পর্যন্ত বৃদ্ধি করার লক্ষ্য নিয়েছে । আগে এই প্রতিষ্ঠানগুলিতে থাকা ২৪ হাজার আসন সংখ্যা ২০২৬ সালে ৫০ হাজার পর্যন্ত বৃদ্ধি করা হবে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা জানিয়েছেন ।

এছাড়া ২০২৬ সালের মধ্যে আসামকে দেশের দক্ষতা বিকাশের রাজধানী হিসেবে গড়ে তোলার জন্য রাজ্য সরকার পদক্ষেপ গ্রহণ করেছে বলে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা জানিয়েছেন । রাজ্যের যুবক-যুবতীদের দক্ষতা এবং নিয়োগ যোগ্যতা বৃদ্ধির জন্য সরকার এই প্রচেষ্টাকে আরো গতিশীল করে তোলার লক্ষ্য স্থির করেছে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন । মূখ্যমন্ত্রী জানান যে এই প্রতিষ্ঠানগুলিতে নিয়োগ সন্ধানীদের জন্য কেরিয়ারের সুবিধা প্রদানের জন্য প্রশিক্ষণ কার্যসূচিরও ব্যবস্থা করা হবে ।

---

ভারতীয় জনতা পার্টী আগামী পয়লা সেপ্টেম্বর থেকে নতুন সদস্যভর্তী অভিযান শুরু করবে । দল এই অভিযানের অধীনে ১০ কোটিরও অধিক নতুন সদস্য ভর্তীর লক্ষ্যমাত্রা স্থির করেছে । বি জে পির জাতীয় মুখপাত্র

সম্বিত পাত্র জানিয়েছেন যে যেসব রাজ্যে আগামী কিছু দিনের মধ্যে ভোট অনুষ্ঠিত হবে ওইসব রাজ্যকে সদস্য ভর্তী অভিযানের বাইরে রাখা হবে । তিনি আরো জানিয়েছেন যে মিসড কল দিয়ে , কিউ আর কোড স্কেন করে , নমো এ্যাপ ব্যবহার করে বা বি জে পি ওয়েবসাইটের মাধ্যমেও দলের নতুন সদস্য হিসেবে জনসাধারণ নিজেদের নাম নথিভুক্ত করতে পারবেন । উল্লেখ্য  বি জে পিতে ১৮ কোটির অধিক সদস্য রয়েছে বলে উল্লেখ করে এই দলকে বিশ্বের সর্ববৃহৎ রাজনৈতিক দল বলে দাবী করা হয়েছে  ।

---

ারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগ আগামী  ২২শে আগষ্ট পর্যন্ত আসাম সজ উত্তর-পূর্বাঞ্চলের সবকটি রাজ্যে  ভারী বৃষ্টিপাতের সম্ভাবনার কথা জানিয়েছে ।

বিভাগ জানিয়েছে যে উত্তর-পশ্চিম বঙ্গোপ সাগরে সৃষ্টি হওয়া নম্নচাপ বলয় উত্তর, উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হয়েছে এবং আগামীকালের মধ্যে বাংলাদেশ এবং পশ্চিমবঙ্গের গঙ্গা নদীর পার এলাকায় গভীর নিম্নচাপে রূপান্তরিত হওয়ার সম্ভাবনা রয়েছে । এর প্রভাবে আজ পর্যন্ত আসাম সহ মেঘালয় , নাগাল্যান্ড , মনিপুর , মিজোরাম , ত্রিপুরা , সিকিম , ওড়িষ্যা , ঝারখন্ড এবং পশ্চিমবঙ্গের হিমালয় তথা গঙ্গা নদীর পার এলাকা গুলিতে ভারী বৃষ্টপাতের প্রবল সম্ভাবনা রয়েছে ।

---

স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে গত বৃহস্পতিবার শিলচরের ইউমেন্স কলেজে মালতি শ্যাম ইউমেন্স স্টাডি সেন্টারের পক্ষ থেকে ষান্মাসিক পত্রিকা উত্তরণের প্রথম সংখ্যা প্রকাশ করা হয় । কলেগের গ্রন্থাগারিক ও মালতি শ্যাম উইমেন্স স্টাডি সেন্টারের কনভেনর ডঃ সরিতা ভট্টাচার্যের সম্পাদিত এই পত্রিকা প্রকাশ করেন কলেজের

প্রাক্তন ভারপ্রাপ্ত অধ্যক্ষ অধ্যাপক ফাল্গুনী দে ও দুই প্রাক্তন অধ্যাপক গীতা দত্ত , অরুন্ধুতী মজুমদার ।সেই সংগে কলেজের রিসার্চ এবং পাবলিকেশন সেলের সম্পাদিত একটি গ্রন্থ  সময় সমাজ ও সাহিত্য  ও প্রকাশ করা হয় ।অনুষ্ঠানে কলেজের বর্তমান ভারপ্রাপ্ত অধ্যক্ষ ড: দেবশ্রী দত্ত বলেন কলেজের শিক্ষক শিক্ষিকাদের একান্ত প্রচেষ্টায় স্টাডি সেন্টারটি খোলা হয় ।ড: দত্ত  মালতি শ্যামের কথা বলতে গিয়ে  বলেন যে তিনি ছিলেন এক ব্যাতিক্রমী ব্যাক্তিত্ব । ১৯০৪ খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করলে ও তার চিন্তাধারা ছিল কয়েক যুগ এগিয়ে । শিলচরের মতো অঞ্চলে মহিলাদের রাজনৈতিক , মানসিক ও সর্বাংগীন উন্নতির ক্ষেত্রে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে মালতি শ্যাম অন্যতম ব্যাক্তিত্ব ছিলেন বলে  ড: দত্ত উল্লেখ করেন ।

---

করিমগঞ্জের মহকুমা কল্যান আধিকারীকের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তীতে তপশিলি জাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণীভুক্ত ছাত্র-ছাত্রীদের প্রি-ম্যাট্রিক ও পোষ্ট-ম্যাট্রিক স্কলারশিপ প্রদানের জন্য ন্যাশনেল স্কলারশিপ পোর্টালে অনলাইনে আবেদন করার আহ্বান জানানো হয়েছে  । যোগ্যতা হিসেবে তপশিলি জাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণীর ছাত্র-ছাত্রীদের এই প্রকল্পের অধীনে আবেদনের জন্য জেলা আয়ুক্তের কার্য্যলয় থেকে ইস্যু করা জাতিগত প্রমান পত্র থাকতে হবে । আগামী ৩১শে অগাষ্টের মধ্যে পোর্টালে আবেদন করতে হবে । বিশদ বিবরন করিমগঞ্জ মহকুমা কল্যান আধিকারীকের কার্য্যলয়ে পাওয়া যাবে ।

এদিকে হাইলাকান্দি জেলায়ও তপশিলি জাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণীর ছাত্র-ছাত্রীদের থেকে প্রি-মেট্রিক ও পোষ্ট-মেট্রিক বৃত্তির জন্য দরখাস্ত আহ্বান করা হয়েছে ।

---

কাছাড় জেলার পুলিশ প্রশাসনের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে জেলার বিভিন্ন থানা চত্বরে পড়ে থাকা মোট ২৫৮টি বেআইনী যানবাহন , দ্বিচক্রযানগুলি নির্ধারিত আইনী প্রক্রিয়া অনুযায়ী নিষ্পত্তি করা হবে । যানবাহনগুলির মালিকদের বিজ্ঞপ্তী প্রকাশের সাত দিনের মধ্যে সংশ্লিষ্ট থানায় বৈধ কাগজপত্র জমা দিয়ে গাড়ির মালিকানা দাবী করতে অনুরোধ করা হয়েছে । নির্ধারিত সময় শেষ হলে , যানবাহনগুলি পাবলিক নিলামে বিক্রয় করা হবে । যানবাহনগুলির তালিকা জেলা আয়ুক্তের কার্য্যালয় , পুলিশ সুপারের কার্য্যালয় সহ সংশ্লিষ্ট থানাগুলিতে পাওয়া যাবে ।

---

করিমগঞ্জ পূর্ত বিভাগের জাতীয় সড়ক ডিভিশনের সড়ক শাখার কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে- করিমগঞ্জ শহরের পুলিশ পয়েন্ট থেকে বাবা হোটেল পর্য্যন্ত ৪৪ নম্বর জাতীয় সড়কের পাশে বিভিন্ন অস্থাবর নির্মান সামগ্রী, যেমন- ইট, বালু , পাথর ইত্যাদি মজুত করে রাখার ফলে যানবাহন ও জনগনের চলাচলে অসুবিধার সৃষ্টি হচ্ছে এবং দূর্ঘটনা সংগঠিত হচ্ছে । বিজ্ঞপ্তীতে  নির্মান সামগ্রীর মালিকদের জাতীয় সড়কের পাশে থাকা সামগ্রী অবিলম্বে সরিয়ে নিতে নির্দেশ দেওয়া হয়েছে ।

---

ধলাই মাতৃভূমি কাপ প্রাইজমানি নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় ভুবনডর এফ সি খেলবে এম এম আর এস এফ সি দলে বিরুদ্ধে ।

ধলাই বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের খেলায় লায়লাপুরের নাজিয়া এন্টারপ্রাইজ ৩-১ গোলে লোকনাথ পুরের ইন্ডিয়ান সিটিজেন ক্লাবকে পরাজিত করে ।

---

পালংঘাটের মাতা সংঘ ক্লাবের উদ্যোগে আয়োজিত ডক্টর শ্যামাপ্রসাদ মূর্খাজী স্মৃতি ফুটবল প্রতিযোগিতার আজকের খেলার
কালাখাল এফ সি খেলবে রাজঘাট আর ডি এক্স এফ সি-র বিরুদ্ধে ।

স্থানীয় চৈতন্য চরন জগৎ চন্দ্র বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার গত শনিবারের খেলায় পানিভরা এফ সি ১-০ গোলে বিন্নাকান্দি এফ সি-কে পরাজিত করে ।

---

---